# জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৭ তম সভার কার্যবিবরণী

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮৭ তম সভা ২১ আগষ্ট, ২০১৭ সকাল ১০.৩০ ঘটিকায় ড: মোহাম্মদ জালাল উদ্দীন, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসির ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব মো: ইকবাল, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী ও সদস্য সচিব, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড, গাজীপুর, উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত সদস্য ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেয়া হলো।

আলোচ্য বিষয় ১: **জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৬ তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮৬ তম সভা ২৩ মার্চ, ২০১৭ বিকাল ২.০০ ঘটিকায় ড: মোহাম্মদ জালাল উদ্দিন, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সীর মার্চ ২৭, ২০১৭ খ্রি: তারিখের ৬২১.সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যবৃন্দের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি । অদ্যকার সভায় বাংলাদেশ পরমানু কৃষি গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি বলেন যে, কারিগরী কমিটির ৮৬ তম সভার আলোচ্যসূচী ৫ এর বর্ণনায় ড. খন্দকার ইফতেখারুদ্দৌলা, পিএসও ব্রি বলেন যে, প্রস্তাবিত কৌলিক সারি RC-2-4-1-2 সারিটি ব্রাউন চাউলে আয়রন ও জিঙ্ক সমৃদ্ধ বলা হয়েছে , 'যা বিজ্ঞান সম্মত নহে' এর পরিবর্তে ব্রাউন রাইচ ও পলিস রাইচের এনালাইসিস এর ডাটা থাকতে হবে লেখা যেতে পারে। এছাড়া নুর মোহাম্মদ মন্ডল, জেনারেল ম্যানেজার (বীজ) , বিএডিসি বলেন যে, কারিগরী কমিটির ৮৬ তম সভার আলোচ্যসূচী ৯ এর সিদ্ধান্ত খ এ একজন বিএডিসির সদস্য কমিটিতে অর্ন্তভূক্ত করা যেতে পারে। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৬ তম সভার কার্যবিবরণীটি আলোচ্য সূচীর ৫ এর বর্ণনায় "বিজ্ঞান সম্মত নহে" এর পরিবর্তে "RC-2-4-1-2 সারিটি ব্রাউন রাইচ ও পলিস রাইচে যথাক্রমে আয়রন ২০.৮৪ ppm ও ১৯.৪৪ ppm এবং জিঙ্ক ২৭.৫ ppm রয়েছে এবং আলোচ্যসূচ ৯ এ খ সিদ্ধান্তে বিএডিসির একজন জেলা পর্যায়ের সদস্য কমিটিতে অর্ন্তভূক্ত করে করার বিষয়টি সর্বসম্মতিক্রমে পরিসমর্থিত করা হলো।**

**আলোচ্য বিষয়: ২ঃ বোরো ২০১৬-১৭ মৌসুমে ধানের হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী জানান যে, বোরো/২০১৬-১৭ মৌসুমে ২০টি বীজ কোম্পানী/প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য মোট ৩৩টি ধানের হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করেছে। যা নিম্ন ছকে দেয়া হলো।

১ম বর্ষ - মোট ৭ টি।

| ক্র নং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | উৎস/দেশ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | এ সি আই লিমিটেড | ACI -7(BR -303) | চায়না | ১ম বৎসর |
| ২ | কৃষিবিদ ফার্ম লিমিটেড | কৃষিবিদ হাইব্রিড ধান-৩(KFR-107) | চায়না | ১ম বৎসর |
| ৩ | অটো ক্রপ কেয়ার লিমিটেড | KBP 13 (Sava 150) | ভারত | ১ম বৎসর |
| ৪ | ন্যাশনাল এগ্রি কেয়ার লিমিটেড | National-1 (CQR-166) | চায়না | ১ম বৎসর |
| ৫ | mahyco | MAHY-3(RXML-20) | চায়না | ১ম বৎসর |
| ৬ | ব্র্যাক সিড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ | ব্রাক হাইব্রিড ধান-১৫(ARBH 1501) | ভারত | ১ম বৎসর |
| ৭ | সিনজেন্টা বাংলাদেশ লিমিটেড | সিনজেন্টা এস ১২১০(RH664+Imp) | ভারত | ১ম বৎসর |

২য় বর্ষ - মোট ২৬ টি।

| ক্র নং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | উৎস/দেশ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড | দীপালী (সিআর-৮৩) | চায়না | ২য় বৎসর |
| ২ | এ্যাসেন্স ফার্মটেক লিমিটেড | এ্যাসেন্স ১(KH508) | চায়না | ২য় বৎসর |
| ৩ | এ্যাসেন্স ফার্মটেক লিমিটেড | এ্যাসেন্স-২ (KH501) | চায়না | ২য় বৎসর |
| ৪ | ইএনপি সলিউশন লিমিটেড | SL-18H F1 | ফিলিপাইন | ২য় বৎসর |
| ৫ | মেটাল এগ্রো লিমিটেড | HRM 801(Sarathi 22) | চায়না | ২য় বৎসর |
| ৬ | মেটাল এগ্রো লিমিটেড | HRM 1501(Agrani 15) | চায়না | ২য় বৎসর |
| ৭ | এসিআই লিমিটেড | ACI Hybrid Dhan 11(CNR 905) | চায়না | ২য় বৎসর |
| ৮ | কৃষিবিদ ফার্ম লিমিটেড | কৃষিবিদ হাইব্রিড ধান-৪(KFR 301) | চায়না | ২য় বৎসর |
| ৯ | ভিশন এগ্রো | হাইব্রিড ধান LG 92.01 | ভারত | ২য় বৎসর |
| ১০ | ভিশন এগ্রো | হাইব্রিড ধান LG 93.01 | ভারত | ২য় বৎসর |
| ১১ | কৃষি বানিজ্য প্রতিষ্ঠান | KBP3(AVA7) | চায়না | ২য় বৎসর |
| ১২ | কৃষি বানিজ্য প্রতিষ্ঠান | KBP4 (AVA5) | চায়না | ২য় বৎসর |
| ১৩ | অটো ক্রপ কেয়ার লিমিটেড | KBP 11 (Sava 200) | ভারত | ২য় বৎসর |
| ১৪ | লাল তীর সীড লিমিটেড | Lal Teer Hybrid dhan-11 | নিজস্ব | ২য় বৎসর |
| ১৫ | লাল তীর সীড লিমিটেড | Lal Teer Hybrid dhan-12 | নিজস্ব | ২য় বৎসর |
| ১৬ | ন্যাশনাল এগ্রি কেয়ার লিমিটেড | Janakraj-1(Q-18) | চায়না | ২য় বৎসর |
| ১৭ | মাহিকো বাংলাদেশ (প্রাঃ) লিঃ | MAHY-2 (RXEL-27) | ভারত | ২য় বৎসর |
| ১৮ | নীলসাগর সীডস এন্ড টিস্যু কালচার লিঃ | নীলসাগর হাইব্রিড ধান ১(Win 501 | ভারত | ২য় বৎসর |
| ১৯ | নীলসাগর সীডস এন্ড টিস্যু কালচার লিঃ | নীলসাগরহাইব্রিড ধান -২ (Win 502) | চায়না | ২য় বৎসর |
| ২০ | সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড | হাইব্রিড হীরা-৮৭ (SHD-726) | নিজস্ব | ২য় বৎসর |
| ২১ | মিতালী এগ্রো সীড ইন্ডাষ্ট্রিজ | হাইব্রিড হীরা-১৬ (SHD-85) | নিজস্ব | ২য় বৎসর |
| ২২ | সুরভী এগ্রো ইন্ডাষ্ট্রিজ লিমিটেড | হাইব্রিড হীরা-৮৩ (HJ-19a) | চায়না | ২য় বৎসর |
| ২৩ | ব্র্যাক সীড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ | ব্রাক হাইব্রিড ধান-১৪(RXML-22) | ভারত | ২য় বৎসর |
| ২৪ | Winal Hi-Tech Seed Co. Ltd, Bangladesh | Winal Hi-Tech Hybrid Dhan-5 (Win-601) | চায়না | ২য় বৎসর |
| ২৫ | Winal Hi-Tech Seed Co. Ltd, Bangladesh | Winal Hi-Tech Hybrid Dhan—6 (Win-606) | চায়না | ২য় বৎসর |
| ২৬ | গোল্ডেন বার কিংডম বাংলাদেশ (প্রাঃ) লিমিটেড | GBK(C-2) | চায়না | ২য় বৎসর |

উপরোক্ত ধানের হাইব্রিড জাতের সাথে নির্ধারিত চেকজাতসহ ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। কোড নম্বর (H- ১১৬৭ থেকে H-১২০৩) ২টি চেকজাতসহ মোট ৩৩টি জাতের মাঠ

মূল্যায়ন সম্পন্ন করা হয়। উক্ত মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Computerized mean performance (হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরনের সংশোধিত পদ্ধতির অনুচ্ছেদ ১১ ও ১৬ অনুসারে)এর ভিত্তিতে Compilation পূর্বক সভায় উপস্থাপন করা হয়। সকল সদস্যবৃন্দের উপস্থিতিতে সভায় গোপনীয় কোড উন্মুক্ত করা হয় । প্রস্তাবিত ৩৩টি জাতের ফলন বিষয়ে কমিটির সদস্যগণ মত প্রকাশ করেন যে, বোরো ধানের হাইব্রিড ট্রায়ালে চেকজাতের চেয়ে ফলন ২০% বেশী হওয়ায় বিস্তারিত আলোচনা শেষে ১ম ও ২য় বর্ষে অনফার্ম ও অনষ্টেশনে একই সাথে ৩/৪টি অঞ্চলে ২০% বা তার অধিক heterosis পাওয়ায় ৫টি প্রতিষ্ঠানের ৭টি জাত নিবন্ধনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ১ঃ ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনষ্টেশন ও অনফার্মে উভয়ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন তিন কিংবা তিনের অধিক স্থানে heterosis ২০% বা তার বেশী হওয়া সাপেক্ষে নিম্নবর্ণিত জাতগুলোকে সামগ্রিকভাবে ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলঃ**

১.১ ভিশন এগ্রো কোম্পানী লিমিটেড এর হাইব্রিড ধান LG 92.01 হাইব্রিড জাতটি ভিশন এগ্রো হাইব্রিড ধান-১(LG 92.01) হিসেবে চট্টগ্রাম, খুলনা,বরিশাল ও রংপুর ৪টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.২ ভিশন এগ্রো কোম্পানী লিমিটেড এর হাইব্রিড ধান LG 93.01 হাইব্রিড জাতটি ভিশন এগ্রো হাইব্রিড ধান-২(LG 93.01) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৩ মাহিকো বাংলাদেশ (প্রাঃ) লিঃ এর MAHY-2 (RXEL-27) হাইব্রিড জাতটি ' মাহিকো হাইব্রিড ধান-১(RXEL-27) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৪ ব্র্যাক সীড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ এর ব্রাক হাইব্রিড ধান-১৪ (RXML-22) হাইব্রিড জাতটি ব্রাক হাইব্রিড ধান-১৪(RXML-22) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৫ Winal Hi-Tech Seed Co. Ltd, Bangladesh এর Winal Hi-Tech Hybrid Dhan-5 (Win-601) হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-৩ (Win-601) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৬ Winal Hi-Tech Seed Co. Ltd, Bangladesh এর Winal Hi-Tech Hybrid Dhan 6(Win-606) হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-৪ (Win-606) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৭ গোল্ডেন বার্ন কিংডম বাংলাদেশ (প্রাঃ) লিমিটেড এর হাইব্রিড GBK(C-2) জাতটি গোল্ডেন বার্ন কিংডম হাইব্রিড ধান-১ (GBK C-2) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

শর্ত ১ ঃ প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর ও প্যাকিং এর তারিখ উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে এবং প্যাকেটের গায়ে কোন অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা লিখতে হবে।

শর্ত ২ ঃ যে নামে হাইব্রিড জাত নিবন্ধণ করা হবে শুধু সে নামেই (প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজার জাত করতে হবে। পরবর্তীতে কোন ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।

শর্ত ৩ ঃ বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্তে Supplying কোম্পানীর সাথে হাইব্রিড আমদানীকারক কোম্পানীর সম্পাদিত M0U ও Port arrival report বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহ করতে হবে।

শর্ত ৪ ঃ জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভার আলোচ্য সূচী ৫(ঘ) এর সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানীর নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বাণিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে।

শর্ত ৫ : প্রথম বছর বীজ আমদানীকে ভিত্তি ধরে পরবর্তী ০৬ (ছায়) বছরের মধ্যে কোম্পানী/ প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থাপনায়/Joint venture programme এর মাধ্যমে বীজ উৎপাদন করতে হবে। ৭ম বছর থেকে কোন ক্রমেই বানিজ্যিক উদ্দেশ্যে নিবন্ধিত হাইব্রিড জাতের বীজ আমদানী করা যাবে না।

**আলোচ্য বিষয় ৩ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউ এর কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক ২টি লাইন CIP112 এবং CIP126 এর জাত হিসেবে ছাড়করণ।**

**(ক) বারি আলু ৮০ CIP112 (380606.6):**

প্রস্তাবিত জাতটি আর্ন্তজাতিক আলু গবেষণা কেন্দ্র হতে আনয়নকৃত ক্লোনের মধ্য হতে CIP112 জাতটি উচ্চফলনশীল ও দ্রুতবর্ধনশীল আগাম জাত হিসেবে প্রমানিত হয়েছে । বিভিন্ন গুনাগুনের ভিত্তিতে প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসাবে নির্বাচন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বর্ণনা মোতাবেক প্রস্তাবিত জাতের গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪/৬ টি কান্ড থাকে। কান্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি নেই । পাতা কম ঢেউ খেলানো । ৮৫-৯০ দিনে আলু পরিপক্কতা লাভ করে । আলু লম্বাটে মধ্যম আকারের, গোলাকার। আলুর রং লাল, চামড়া লাল । আলুর শাসের রং হালকা হলুদ। চোখ হালকা গভীর।

উক্ত জাতটি ২০১৬-১৭ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৪৪.৭১ টন/হেঃ এবং চেক জাত বারি আলু ২৫ (এসট্রিক্স) ফলন ৩০.৪৭ টন/হেঃ। ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন এবং ১টি স্থানে অনিবার্য বিরূপ পরিস্থিতির কারণে মূল্যায়ন কার্যক্রম বাতিল করা হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত থেকে ৯ টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে।

**(খ) বারি আলু ৮১ CIP126 (392797.22):**

প্রস্তাবিত জাতটি আর্ন্তজাতিক আলু গবেষণা কেন্দ্র হতে আনয়নকৃত ক্লোনের মধ্য হতে CIP126 জাতটি উচ্চফলনশীল ও দ্রুতবর্ধনশীল আগাম জাত হিসেবে প্রমানিত হয়েছে । বিভিন্ন গুনাগুনের ভিত্তিতে প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসাবে নির্বাচন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বর্ণনা মোতাবেক প্রস্তাবিত জাতের গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪/৬ টি কান্ড থাকে। কান্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি আছে । পাতা কম ঢেউ খেলানো । ৮৫-৯০ দিনে আলু পরিপক্কতা লাভ করে । আলু লম্বাটে মধ্যম বড়-আকারের। আলুর রং লাল, চামড়া হালকা ও অমসৃন। আলুর শাসের রং হালকা হলুদ। চোখ হালকা গভীর।

উক্ত জাতটি ২০১৬-১৭ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৪০.৬৪ টন/হেঃ এবং চেক জাত বারি আলু ২৫ (এসট্রিক্স) এর ফলন ৩০.৪৭ টন/হেঃ। ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন এবং ১টি স্থানে অনিবার্য বিরুপ পরিস্থিতির কারণে মূল্যায়ন কার্যক্রম বাতিল করা হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে । এ বিষয়ে আলোচনার শুরুতে ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী বলেন যে, মুন্সিগঞ্জ ও রংপুরে যথাক্রমে হেঃ প্রতি ফলন ৬১মেঃ টন ও ৬২ মেঃ টন হয়েছে। অথচ বারি, জামালপুর ও টিসিআরসি বগুড়ায় যথাক্রমে ফলন হয়েছে ৩৫ মেঃ টন ও ৩৭ মেঃ টন। ফলনের এত পার্থক্য হওয়ার কারণ জানতে চান । এ বিষয়ে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, টিসিআরসি, বারি বলেন যে, আলুর কৌলিক

বৈশিষ্ট্যের কারণে গাজীপুরে হেঃ প্রতি ফলন ২০ টন হলেও একই আলু দেবীগঞ্জে হেঃ প্রতি ফলন ৫০ টন হতে পারে। প্রস্তাবিত ২টি জাত খাবার আলু হিসেবে ছাড়করণের প্রস্তাব করা হয়েছে। নুর মোহাম্মদ মন্ডল, জেনারেল ম্যানেজার (বীজ), বিএডিসি বলেন যে, মুন্সিগঞ্জে আলু চাষীগন প্রচুর পরিমাণে সার ব্যবহার করে এবং ফলন বেশী হয়। এ ছাড়া বিদেশ থেকে আমদানীকৃত জাত সমুহ যে কোম্পানী কর্তৃক আমদানী করে ছাড়করণের ব্যবস্থা করা হয়েছে সেই কোম্পানী জাতটির সম্প্রসারণের ব্যবস্থা করবে। এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন যে, নতুন নতুন জাত ছাড়করণের মাধ্যমে জেনিটিক ডাইভারসিটি বাড়ানো প্রয়োজন। কারণ হঠাৎ করে কোন কারণে জলবায়ুর বিরুপ প্রভাবে ডায়মন্ট ও কার্ডিনাল জাতের ফলন খারাপ হলে সামগ্রিক ভাবে আলুর ফলন কমে যাবে। এ বিষয়ে ড. বিমল চন্দ্র কুন্ডু, বলেন যে, জাত দুটির লবনাক্ততা সহিষ্ণু গুন রয়েছে। আলোচনা শেষে প্রস্তাবিত জাত ২টির গড় ফলন চেক জাতের চেয়ে বেশী ও লবনাক্ত সহিষ্ণুতা হওয়ায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ (ক)বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত ২টি লাইন/সারি/জাত (১) CIP112 (প্রস্তাবিত বারি আলু ৮০) ও (২) CIP126 (প্রস্তাবিত বারি আলু ৮১) যথাক্রমে বারি আলু-৭৮ ও বারি আলু-৭৯ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্তে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।**

**(খ) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক জাত ২টির লবনাক্ত সহিষ্ণুতার ডাটা জাতীয় বীজ বোর্ডে উপস্থাপন করতে হবে।**

**আলোচ্য বিষয় ৪ঃ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের ১টি কৌলিক সারি (RC-2-4-1-2) জাত হিসেবে আমন মৌসুমে বিনা ধান ২০ হিসেবে ছাড়করণ।**

জাতীয় বীজ বোর্ডের ৮৬তম সভার আলোচ্য সূচী ৫ এর সিদ্ধান্ত খ ও গ মোতাবেক কৌলিক সারি (RC-2-4-1-2) এবং প্যারেন্টেজ এর বীজ নমুনা বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট জমা দেয়ার সিদ্ধান্ত ছিল এবং বীজ প্রত্যয়ন এজেন্সীর নিজ উদ্যোগে প্রস্তাবিত জাতের সাথে বীজের বাহ্যিক আকার আকৃতিতে মিল সম্পন্ন সিলেট অঞ্চলের Land race এর বীজ নমুনা সংগ্রহ করা এবং Land race প্রস্তাবিত কৌলিক সারির (RC-2-4-1-2) মিল হওয়ার বিষয়টির একটি প্রতিবেদন পরবর্তী কারিগরী কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত ছিল। সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক নমুনা বীজ সরবরাহ করা হয়েছে এবং সিলেট থেকে আকার আকৃতির মিল সম্পন্ন Landrace এর বীজ সংগ্রহ করা হয়েছে। এ বিষয়ে একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়েছে। আলোচনার শুরুতে সভার সভাপতি মহোদয় বলেন যে, বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক উপস্থাপিত প্রতিবেদনে প্রতীয়মান হয় যে, প্রস্তাবিত জাতের সাথে সিলেট অঞ্চলের Landrace এর বীজের বাহ্যিক আকার আকৃতির সুস্পষ্ট পার্থক্য রয়েছে। জাতটি ছাড়করণের সুপারিশ করতে কোন অসুবিধা নেই। আলোচনা শেষে নিম্নবর্নিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারি RC-2-4-1-2 আমন মৌসুমে বিনা ধান ২০ হিসেবে সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৫ ঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের ১টি কৌলিক সারি BR7358-5-3-2-1-HR2(com), ব্রি ধান৮১ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণ।**

**BR7358-5-3-2-1-HR2(com) (ব্রি ধান-৮১)ঃ** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি আর্ন্তজাতিক ধান গবেষণা ইনস্টিটিউট, ইরান থেকে সংগৃহিত জাত Amol-3 এবং ব্রিধান ২৮ এর সাথে সংকরায়ন করে বংশানুক্রম সিলেকশনের (Pedigree selection) মাধ্যমে উদ্ভাবিত। পূর্ন বয়স্ক গাছের উচ্চতা ১০০সে. মি.। এ জাতের গড় জীবনকাল ১৪০-১৪৫ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২০.৩ গ্রাম। চালের আকার আকৃতি বাসমতির মত লম্বা ও চিকন থাকায় বিদেশে

রপ্তানীযোগ্য। এই জাতের জীবনকাল ব্রি ধান ২৮ এর মতোই। উপযুক্ত পরিচর্যা পেলে হেক্টরে ৮.০০ টন ফলন দিতে সক্ষম। এই জাতের রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে কম ।

উক্ত জাতটি ২০১৬-১৭ মৌসুমে দেশের ঢাকা, রাজশাহী, খুলনা, চট্টগ্রাম,রংপুর ও সিলেট ৬টি অঞ্চলের ৯ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ৯ টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৬.৪৯ টন/হেঃ এবং চেক জাত এর গড় ফলন ৬.১২ টন/হেঃ পাওয়া যায়। মাঠ মূল্যায়ন দল কর্তৃক ৯টি স্থানের মধ্যে ৭টি স্থানে ছাড়করণের পক্ষে, ২টি স্থানে বিপক্ষে সুপারিশ করা হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত থেকে ৩টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে। এ বিষয়ে ড.তমাল লতা আদিত্য, সিএসও এবং প্রধান প্রজনন বিভাগ, ব্রি, পাওয়ার পয়েন্টের মাধ্যমে সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি বিশেষভাবে বলেন যে, জাতটিতে প্রোটিনের পরিমাণ ১০.৩% যা অন্যান্য জাতের চেয়ে বেশী। বাসমতির মত লম্বা ও চিকন থাকায় বিদেশে রপ্তানীযোগ্য। ড. মোঃ আবুল কালাম আজাদ, পিএসও, বিনা বলেন যে,প্রস্তাবিত জাতটি ব্রি ধান ৫০ এর মত চাল ভেঙ্গে যায় কিনা? এ বিষয়ে ড.তমাল লতা আদিত্য বলেন যে, প্রস্তাবিত জাতটি হেড রাইচ রিকোভারীর হার বেশী এবং চাল ভাঙ্গে না। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের ১টি কৌলিক সারি BR7358-5-3-2-1-HR2(com), ব্রি ধান৮১ হিসেবে বোরো মৌসুমে সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৬ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর গম গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত গমের ১টি কৌলিক সারি BAW 1260, বারি গম ৩৩ হিসেবে ছাড়করণ।**

**ক) বারি গম ৩৩ (BAW-1260)ঃ** গম গবেষণা কেন্দ্রের বর্ণনামতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত বারি গম ৩৩ একটি উচ্চ ফলনশীল গমের জাত । KACHU এবং SOLALA নামক ২টি সিমিটের জাতের সাথে শংকরায়ণের মাধ্যমে এ জাতটি উদ্ভাবন করা হয় । বিভিন্ন আবহাওয়ায় পরীক্ষা নীরিক্ষা করে বিএ ডব্লিউ ১২৬০ নামে এ জাতটি নির্বাচন করা হয় । বিভিন্ন নার্সারী ও ফলন পরীক্ষায়ও এ কৌলিক সারিটি ভাল বলে প্রমাণিত হয়। প্রস্তাবিত জাতটি তাপ সহনশীল, দানা সাদা ও আকারে মাঝারী। শীষ বের হতে ৬০-৬৫ দিন এবং বোনা থেকে পাকা পর্যন্ত ১১০-১১৫ দিন সময় লাগে । শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪২-৪৭ টি । দানার রং সাদা, চকচকে ও আকারে মাঝারী এবং হাজার দানার ওজন ৪৫-৫২ গ্রাম । জাতটি ব্লাষ্ট রোগ প্রতিরোধী, পাতার দাগ রোগ সহনশীল এবং মরিচা রোগ প্রতিরোধী এবং তাপ সহিষ্ণু। উপযুক্ত পরিবেশে হেক্টর প্রতি ফলন ৪০০০-৫০০০ কেজি । গাছের রং গাঢ় সবুজ । উপরের কান্ডের গিড়ায় মাঝারী সংখ্যক রোম (Hair) থাকে । নিশান পাতা চওড়া ও হেলানো থাকে । শীষে ও কান্ডে মোমের আবরন মাঝারী ভাবে থাকে যা নিশান পাতার খোলে ঘন মাত্রায় থাকে । এ জাতটি নভেম্বর মাসের ১৫ থেকে ৩০ পর্যন্ত ( অগ্রহায়ন মাসের ১ম থেকে ২য় সপ্তাহ পর্যন্ত ) বপনের উপযুক্ত সময়। তবে জাতটি মধ্যম মাত্রার তাপ সহনশীল হওয়ায় ডিসেম্বর মাসের ১৫-২০ তারিখ পর্যন্ত বুনলেও অন্যান্য জাতের তুলনায় বেশী ফলন দেয়। গজানোর ক্ষমতা শতকরা ৮০ ভাগ ও তার বেশী হলে হেক্টর প্রতি ১২০ কেজি বীজ ব্যবহার করতে হবে ।

উক্ত জাতটি ২০১৬-১৭ রবি মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর ৫টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ১২ টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৩.৯৫ টন/হেঃ এবং চেক জাত বারি গম ২৪ এর ফলন ৩.৫৯ টন/হেঃ পাওয়া যায়। ১২টি স্থানের মধ্যে ৮টি স্থানে মাঠ মুল্যায়ন দল কর্তৃক জাতটিকে ছাড়করণের পক্ষে এবং ৪টি স্থানে বিপক্ষে সুপারিশ করা হয়েছে । বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে। এ বিষয়ে ড. নরেশ চন্দ্র দেব বর্মা, পরিচালক (গম) গবেষণা কেন্দ্র, বিএআরআই, পাওয়ার পয়েন্টের মাধ্যমে জাতটি বিশেষ গুনাগুনের বিস্তারিত বর্ণনা করেন। তিনি প্রস্তাবিত

জাতটির ব্লাষ্ট রেজিষ্টেন্স বিষয়ে সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি আরও বলেন যে, জাতটি ব্লাষ্ট রেজিষ্টেন্স বিষয়ে বিভিন্ন দেশে পরীক্ষা করে সন্তোষজনক ফলাফল পাওয়া গেছে। এ ছাড়া জাতটি জিঙ্ক সমৃদ্ধ এবং দানায় জিঙ্কের মাত্রা ৫০-৫৫ পিপিএম। ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী বলেন যে, ব্লাষ্ট এর বিষয়ে আলোচনা করেন। আলোচনা শেষে প্রস্তাবিত জাতটির গড় ফলন চেক জাতের চেয়ে বেশী ও ব্লাষ্ট রোগ প্রতিরোধী হওয়ায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ (ক) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর গম গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত গমের ১টি কৌলিক সারি BAW-1260, ব্লাষ্ট রোগ সহনশীল জাত, বারি গম ৩৩ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের সুপারিশ করা হলো।**
**(খ) ব্লাষ্ট রোগ রেজিষ্টেন্স এর ডাটা উপস্থাপন সাপেক্ষে ব্লাষ্ট রোগ প্রতিরোধী হিসেবে ছাড়করণের সুপারিশ করা হলো।**

আলোচ্য বিষয় ৭ঃ বীজ প্রত্যয়ন এর জন্য মাঠ প্রত্যয়ন ফি জমা প্রদান।

জাতীয় বীজ বোর্ডের ৬০তম সভার আলোচ্যসূচী ৫ মোতাবেক বীজ বিধি ১৯৯৮ এর বিধি নং ১০ ফরম ৩ অনুযায়ী প্রতিটি আবেদনে বিএডিসির একই এলাকায় এক বা একাধিক ফসল ভিত্তিক ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির বীজের জন্য ১০০/- (এক শত) টাকা হারে ফি প্রদান করবে। বর্তমানে একই এলাকায় এক বা একাধিক ফসল ভিত্তিক ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির বীজের প্রতিটি আবেদনের জন্য ২০০/-টাকা (কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ধার্যকৃত) নির্ধারণ করা হয়েছে। কিন্তু জাতীয় বীজ বোর্ডের ৬২তম সভার আলোচ্যসূচী ১ এ বিষয়ে একটি সংশোধনী প্রস্তাব অনুমোদিত হয়েছে। এতে বলা হয়েছে বীজ বিধি ১৯৯৮ এর বিধি নং ১০ ফরম ৩ অনুযায়ী প্রতিটি আবেদনে বিএডিসির একই এলাকায়/জোনের এক বা একাধিক ফসল ভিত্তিক ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির বীজের উল্লেখ রয়েছে। এ বিষয়ে জোন শব্দটি উল্লেখ থাকায় মাঠ প্রত্যয়নের সময় এক বা একাধিক উপজেলা একত্র করে বিএডিসি কর্তৃক একটি মাত্র আবেদন করা হয়। এতে করে বীজ প্রত্যয়ন কর্মকর্তাগনের মাঠ পরিদর্শনে সমস্যার সৃষ্টি হচ্ছে এবং বীজ প্রত্যয়ন ফি প্রাপ্তি কমে যাচ্ছে । কারণ বীজ প্রত্যয়নের জন্য নির্দিষ্ট স্কীমে এ কম্পেক্ট এরিয়ায় হওয়া প্রয়োজন। ফলে এ বিষয়টি কারিগরি কমিটিতে উপস্থাপন করা হয়েছিল। এ বিষয়ে আলোচনার শুরুতে সভার সভাপতি মহোদয় বলেন যে, বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক উপস্থাপিত বিষয়টি জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত। এ বিষয়ে কারিগরি কমিটিতে আলোচনা না করে জাতীয় বীজ বোর্ডের সভায় বিবিধ এজেন্ডা হিসেবে রাখা যেতে পারে।

**সিদ্ধান্ত : বিষয়টি জাতীয় বীজ বোর্ডের সভায় বিবিধ এজেন্ডা হিসেবে অন্তর্ভূক্ত করা যেতে পারে।**

আলোচ্য বিষয় ৮ঃ এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতি অনুমোদন ।

জাতীয় বীজ বোর্ডের ৮০তম সভার আলোচ্যসূচী ৩ অনুযায়ী এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন বিষয়ে এসসিএ কে সকল স্টেকহোল্ডারদের মতামত নিয়ে কারিগরী কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত হয়েছিল। সেই মোতাবেক সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে ১৮/১২/২০১৬ তারিখে এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতি শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের সুপারিশ নিম্নরূপঃ

১ ) যে সমস্ত হাইব্রিডের জাতের উৎস জানা নেই, সে সমস্ত জাতের ক্ষেত্রে যে দেশ থেকে কোম্পানী/প্রতিষ্ঠান জাতসমূহের প্যারেন্ট লাইন আমদানী করবে সেই দেশের প্রত্যয়ন ট্যাগকে উৎস ধরতে হবে।

২) হাইব্রিড বীজ প্রত্যয়ন ঐচ্ছিক হতে পারে এবং সেমিনারে উপস্থাপিত এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতিটি পরবর্তী কারিগরী কমিটিতে উপস্থাপনের সুপারিশ রয়েছে।

এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতিটি, সেমিনার হতে প্রাপ্ত মতামতসহ সভায় উপস্থাপন করা হয়েছে।

স্বাভাবিক বীজ প্রত্যয়নের নিয়ম মত হাইব্রিড ধান বীজও ঐচ্ছিক ভিত্তিক প্রত্যয়ন করা যেতে পারে। এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন যে, জাতীয় বীজ বোর্ডের ৮০তম সভার সিদ্ধান্ত মোতাবেক হাইব্রিড বীজ উৎপাদন প্রত্যয়নের আওতায় আনতে হবে এবং হাইব্রিড বীজের জন্য জাতীয় বীজ বোর্ড কর্তৃক নির্ধারিত মাঠমান ও বীজমান অনুসরণ করে কর্তনের ব্যবস্থা করা যেতে পারে। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ (ক) জাতীয় বীজ বোর্ড কর্তৃক নির্ধারিত মাঠমান ও বীজমান অনুসরণ করে এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতিটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।

(খ) হাইব্রিড ধানের বীজ প্রত্যয়ন বিষয়টি ঐচ্ছিক হবে ।

(গ) যে সমস্ত হাইব্রিডের জাতের উৎস জানা নেই, সে সমস্ত জাতের ক্ষেত্রে যে দেশ থেকে কোম্পানী/প্রতিষ্ঠান জাতসমূহের প্যারেন্ট লাইন আমদানী করবে সেই দেশের প্রত্যয়ন ট্যাগকে উৎস ধরতে হবে।

আলোচ্য বিষয় ৯ঃ প্রজনন বীজের অপ্রতুলতা স্বাপেক্ষে ভিত্তি শ্রেণির স্টেজ-১ ও স্টেজ-২ উৎপাদন।

জাতীয় বীজ বোর্ডের ৯০তম সভার সিদ্বান্ত মোতাবেক শুধুমাত্র জরুরী প্রয়োজনে নির্দিষ্ট জাতের প্রজনন বীজের অপ্রতুলতা স্বাপেক্ষে সীমিত আকারে ভিত্তি স্টেজ-১ থেকে ভিত্তি স্টেজ-২ ধান ও গম বীজ উৎপাদন করা যেতে পারে। এছাড়া ভিত্তি স্টেজ -১ এর বীজমান ও মাঠমান প্রজনন বীজের সমতুল্য হতে হবে। কিন্তু দেখা যাচ্ছে যে, বিএডিসিসহ অন্যান্য বেসরকারী কোম্পানি/প্রতিষ্ঠান বীজ উৎপাদনের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীর পূর্বানুমতি ব্যতীরিকেই ভিত্তি স্টেজ-১ থেকে ভিত্তি স্টেজ-২ শ্রেণির বীজের মাঠ প্রত্যয়ন দাবি করেন। আবার কখনও কখনও ভিত্তি স্টেজ-১ বীজ ব্যবসায়ীক উদ্দেশে অন্যত্র বিক্রি করে । এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন যে, জাতীয় বীজ বোর্ডের ৯০তম সভার সিদ্ধান্ত সঠিকভাবে অনুসরণ করতে হবে। শুধুমাত্র বিশেষ প্রয়োজনে সীড প্রমোশন কমিটির অনুমোদনক্রমে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানসমূহ বীজের ভিত্তি স্টেজ-১ ও ভিত্তি স্টেজ-২ উৎপাদন কর্মসূচী গ্রহণ করতে হবে। স্বাভাবিক নিয়মে প্রজনন থেকে ভিত্তি ও ভিত্তি থেকে প্রত্যায়িত বীজের উৎপাদন কর্মসূচী গ্রহণ করতে হবে। সীড প্রমোশন কমিটির অনুমতি ব্যতীত ভিত্তি স্টেজ-১ থেকে ভিত্তি স্টেজ-২ বীজ উৎপাদন করা যাবে না। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত : (ক) বীজ বিধি অনুসরণ করে স্বাভাবিক নিয়মে প্রজনন বীজ থেকে ভিত্তি বীজ ও ভিত্তি বীজ থেকে প্রত্যায়িত বীজের উৎপাদন কর্মসূচী গ্রহণ করতে হবে।

(খ) জাতীয় বীজ বোর্ডের ৯০তম সভার আলোচ্যসূচী (ঝ) এর সুপারিশ সমূহ ও সিদ্ধান্ত সঠিক ভাবে অনুসরণ করতে হবে এবং শুধুমাত্র বিশেষ প্রয়োজনে সীড প্রমোশন কমিটির অনুমোদনক্রমে বীজের সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানসমূহ ভিত্তি স্টেজ-১ ও ভিত্তি স্টেজ-২ উৎপাদন কর্মসূচী গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয় ১০ঃ শুধুমাত্র NARS ভুক্ত প্রতিষ্ঠানকে আলুর প্রজনন বীজের বীজ প্রত্যয়ন ট্যাগ সরবরাহ করা।

কারিগরি কমিটি জাতীয় বীজ বোর্ডের ৭০তম সভার আলোচ্য বিষয় ৩ এর সিদ্ধান্ত (ক) মোতাবেক "বিদ্যমান বীজ আইন অনুযায়ী NARS ভুক্ত প্রতিষ্ঠান ব্যাতিরেকে আলুর প্রজনন বীজ উৎপাদন করা যাবে না। কোন শ্রেণির বীজ থেকে টিস্যু কালচারের মাধ্যমে আলু বীজ উৎপাদন করা হবে তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে।" এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন যে, জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান প্রজনন বীজ উৎপাদন করবে। এ বিষয়ে বিস্তরিত আলোচনা হয় । পরবর্তীতে সভাপতি মহোদয় বলেন এ বিষয়ে পরবর্তী কারিগরি কমিটির সভায় সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

সিদ্ধান্তঃ আলুর প্রজনন বীজের বীজ প্রত্যয়ন ট্যাগ শুধুমাত্র NARS ভুক্ত প্রতিষ্ঠানকে সরবরাহ করার বিষয়টি আরো আলোচনা করে পরবর্তী কারিগরি কমিটিতে সিদ্ধান্ত নেয়া হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। ।

৩০/০৮/২০১৯

(ডঃ মোহাম্মদ জালাল উদ্দীন)
চেয়ারম্যান
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
ও
নির্বাহী চেয়ারম্যান
বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫

নং-১২.৮০৬.০২২.০১.০০.০১৮.২০১১. ১৯০৭ তারিখঃ ১০/৯/১৭

বিতরণ: অবগতি ও সদয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১। | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা -১২১৫। | সভাপতি |
| ২। | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ৩। | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর। | সদস্য |
| ৪। | পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। | সদস্য |
| ৫। | পরিচালক (সরেজমিন) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৬। | পরিচালক (কৃষি) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৭। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৮। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৯। | সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১০। | মহাব্যবস্থাপক (বীজ), কৃষিভবন, ৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। | সদস্য |
| ১১। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ। | সদস্য |
| ১২। | প্রধান বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০। | সদস্য |
| ১৩। | কটন এগ্রোনামিষ্ট, তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর। | সদস্য |
| ১৪। | সভাপতি বাংলাদেশ সীড এসোসিয়েশন,১৪৫ ছিদ্দিক বাজার ১ম ফ্লোর, সিটি ষ্টেইট এনএ, জীপ কোড, ১০০০, ঢাকা। | সদস্য |
| ১৫। | জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি, ১৪/১ পশ্চিম আগারগাঁও, বিজ্ঞান যাদুঘর, ঢাকা। | সদস্য |
| ১৬। | ------------------------------------------------------------------। | |

অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপিঃ

মহা-পরিচালক, বীজ উ্ইং ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয, ঢাকা-১০০০।

১০-০৯-১৭
(মো:ইকবাল)

পরিচালক

ও

সদস্য সচিব

কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড

ফোন: ৯২৬২৪৪৭,ইমেল: dir@sca.gov. bd

কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ডের ৮৭ তম সভায় উপস্থিত সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/বীজ কোম্পানীর প্রতিনিধিগণের স্বাক্ষরের তালিকাঃ

স্থান : ১নং সম্মেলন কক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেইট, ঢাকা।
তারিখ : ২১/০৮/২০১৭ খ্রিঃ
সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

| ক্র:নং | কর্মকর্তা/প্রতিনিধিণরে নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ড. তপন কুমার পাল | পরিচালক ([illegible]) [illegible] | ০১৭১২২৬৭৬০৮ tapan.k@bari.gov.bd | [signature] ২১/০৮/১৭ |
| ২ | ড. মোঃ লুৎফর রহমান | পরিচালক (গবেষণা) [illegible] | ০১৭১৬-০৬৬৮০৮ dir.res@bari.gov.bd | [signature] ২১/৮/১৭ |
| ৩ | ড. নরেশ চন্দ্র দেব বর্মা | পরিচালক (গম গবেষণা কেন্দ্র), [illegible] | ০১৭১২-২২৬৭৫৫ dir.wrc@bari.gov.bd | [signature] ২১/৮/১৭ |
| ৪ | ডঃ মোঃ আমজাদ হোসেন | [illegible] | 01713082112 amzadbiotech@yahoo.co | [signature] |
| ৫ | Md. Shahjahan Ali | Seed Technologist and Seed Regulation Specialist | 01730013391 alliedmsali@yahoo.com | [signature] 21/8/2017 |
| ৬ | Md. Anser Ali | D(Res) BRRI | 01925053582 maalibrri@yahoo.com | [signature] 21/8/17 |
| ৭ | A B M Kamal | Business Manager Auto Crop Care Ltd. | 01988866882 abmk@acel.group-ga.com | [signature] 21/08/2017 |

| ক্র:নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৮ | Dr. Khandaker Helal Uddin | MD, ESSENCE Farmtech Ltd. | 01989555111 helal@essence[illegible].com | |
| ৯ | MD. Azizul Haque | AGM BRAC, | 01714-106718 azizul.ha@brac.net | |
| ১০ | Md Abu Taher (Ujjal) | Manager (Production) Krishibid Seed Ltd. | 01912-684901 ujjalpstu@gmail.com | |
| ১১ | Dr. A H M Monirul Haque | Technical Advisor EnP Solutions Ltd. | 01712044146 01917618122 badernaqvi@yahoo.com tsi@dhaka.net | |
| ১২ | Mohammad Zayed Hassain Qureshi EnP Solutions Ltd - tsi@dhaka.net | Manager (Co-ordination) EnP Solutions Ltd. | 01712-038562 qureshi.zayed@gmail.com | |
| ১৩ | Md. Shafiqul Islam | Production Manager Metal Agro Ltd | 01730-047737 shafiqul.islam@metalbd.biz | 21/8/17 |
| ১৪ | A. H. M. HUMAYUN KABIR | Managing Director Supreme Seed Co. Ltd. | 01713-009598 KABIR@SUROVIGROUP.COM | |
| ১৫ | Dr. Mohammad Sharif Raihan | Associate Professor and Head Dept. of GPB, BSMRAU | 01552-495640 Sharifdgpb@yahoo.com | |
| ১৬ | MD FARRUKH HOSSAIN | Syngenta Bangladesh [illegible] | 01711543530 md_farrukh.hossain@syngenta.com | |
| ১৭ | Mohammad Abdur Rouf | National Production Manager Nilsagor Seeds & Tissue Culture Ltd. | 01853328507 | 21.08.17 |

| ক্র:নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৮ | Md. AL Amin | Business Operation Manager, National AgriCare I/E Ltd | Cell: 01926-693108 Email:- Kbdalamin@yahoo.com | [signature] 21.08.17 |
| ১৯ | Md. FAZlul HOQUE Saker (Hassan) | Farmers Represantive | 01712819671 14/1 West Agargaon Dhaka-1207 | [signature] 20/8/17 |
| ২০ | Abdur Rahim Howlader | Consultant, Hybrid Rice R&D, Supreme seed Co. Ltd | 01957994024 | [signature] 21/08/2017 |
| ২১ | Dr. MD. AMIR HOSSAIN | Professor and Head Dept. of GPB, BAU | 01743-747508 amiro4@gmail.com | [signature] 21/8/2017 |
| ২২ | Dr. Md. Abul Kalam Azad | CSO, Plant Breeding BINA | 01710763003 makazad.pbdbina@gmail.com dg@bina.gov.bd | makazad 21/8/2017 |
| ২৩ | Dr. Md. Jahangir Alam | Director (Training & Planning), BINA | 01711948907 alamj63@gmail.com dg@bina.gov.bd | [signature] 21/8/17 |
| ২৪ | Dr. Tamal Lata Aditya | CSO & Head, Plant Breeding BRRI, Gazipur | [signature] 01715382329 tamaladitya@yahoo.com | [signature] 21/8/17 |
| ২৫ | Dr. Bimal Chandra Kundu | PSO, TCRC, BARI Gazipur | Cell: 01926-693108 Kundubc@yahoo.com | [signature] 21/8/17 |
| ২৬ | মুহ: [illegible] | General Manager (Seed) BADC | 01710-816176 gmseed@bd.gov.bd | [signature] 21/8 2017 |
| ২৭ | Md. Nuruzzaman | Executive Director GBK | 01711564050 nuruzzaman59.bd@gmail.com | [signature] |

| ক্র:নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৮ | ড. মো: জাকির হোসেন | DD (Seed Regulation) SCA, Gazipur | 01980503919 zhossainsca@gmail.com | [signature] |
| ২৯ | মোঃ মেছের আলী | অতিরিক্ত পরিচালক (মাঠ প্রত্যয়ন, মাননি: ও প্রত্যয়ন) SCA, গাজীপুর | 01711809072 adfa.sca.gmail.com | [signature] 21.08.17 |
| ৩০ | ড. এম. এ. নাসিম | MD, Win all Seeds Banani, Dhaka | 01819277578 Dbnaseem@hotmail.com | [signature] |
| ৩১ | মো: ইসমাইল | Director SCA. Gazipur. | 01712-873273 | [signature] |
| ৩২ | ড. মো: আমির জিলানী চৌধুরী | সদস্য পরিচালক (বীজ) বিএডিসি, ঢাকা | 01552355393 zilani71@gmail.com | [signature] 21/8/17 |
| ৩৩ | মো: আজিম উদ্দিন | প্রধান বীজতত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয়, | 01556341143 azimseed@gmail.com | [signature] 21.8.17 |
| ৩৪ | ড. মো. মনিরুজ্জামান | চীফ [illegible], মাল্টিমোড লি: | 01746027272 mintoo@multimodebd.com | [signature] 21-08-17 |
| ৩৫ | মোহাম্মদ শহীদুল্লাহ | ডেপুটি ম্যানেজার আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড | 01714095733 Kbdshahidul@abflbd.com | [signature] 21.8.17 |
| ৩৬ | মো: গোলাম মোস্তফা | Sr. Market Development Manager, MAHYCO | 01776899535 golam.mostofa@mahyco.com | [signature] 21.08.17 |
| ৩৭ | দেবেশ চন্দ্র রায় | DD (Seed & other inputs) DAE | 01715378065 dfsw@dae.gov.com | [signature] 21/8/17 |

| ক্র:নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৩৮ | ড. কুয়াশা মাহমুদ | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, বায়োটেকনোলজি বিভাগ বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা | 07326-414-224 Mobile: 01797345577 Email: kmahmud31@yahoo.com mahmud.kuasha@gmail.com | 21.08.2017 |
| ৩৯ | MD. KHAIRUL ABRAR | CONSULTANT Winall Hi-Tech Seed Co. Ltd. BANGLADESH. | 01711-984787 e-mail: abrarfog@yahoo.com. khairulwinallbd@gmail.com | 21/8/17 |
| ৪০ | MD. RAFIQUL ISLAM | Business Manager (Rice) 3S Agro Services Limited | 01733237088 e-mail: rislam@3sagroservices.net | 21.08.2017 |
| ৪১ | Md. Mokhlesur Rahman | Manager-Seed Auto Crop Care Ltd | 01973244832 mmr1@acclgroup-ga.com | 21/08/17 |
| ৪২ | Dr. Chandan Kr. Saha | CSO Bangladesh Jute. Res. Inst. | 01716510338 chandanbjri@yahoo.com | 22/8/17 |
| ৪৩ | MD. NASIR UDDIN | SCA, DD(QC) Gazipur | 01711-955470 | 22/8 |
| ৪৪ | Dr. M.A. Hakim | SSO; WRC; BARI | 01711-788153 | |
| ৪৫ | Amina Begum | Additional Deputy Director Seed Certification Agency | 01722318829 | |
| ৪৬ | Syed Tauhid Ahmed | P.A.O. B.ARC | 01810947047-6 | |
| ৪৭ | ডি. এম. ওমর | ADD, SCA | → | |

Attendant Sheet

| ক্র:নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৪৮ | লায়লাতুল রেজওয়ানা নিমা | নমুনা সংগ্রহ অফিসার SCA | 01714-612029 | |
| ৪৯ | মাহবুবুর রহমান | T/A SCA | 01875945797 | মাহবুব |
| ৫০ | মোঃ ইকবাল হোসেন খান | SAVTO SCA | 01716424717 | |
| ৫১ | মো: আ: খালেক | OA. SCA | ০১৭১৫৬০৯২৯৯ | |
| ৫২ | | | | |
| ৫৩ | | | | |
| ৫৪ | | | | |
| ৫৫ | | | | |
| ৫৬ | | | | |
| ৫৭ | | | | |

২৩/০৮/১৭

সভাপতি,
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড।